



# বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

'বোয়েসেল নৈতিক, নিরাপদ ও দক্ষ অভিবাসন নিশ্চিত করে'

স্থাপিত - ১৯৮৪

ISO 9001 : 2015



## সরকারিভাবে জর্ডান- এর গার্মেন্টস কোম্পানি হাইফা গার্মেন্টস -এ পুরুষ কর্মী নিয়োগ।

স্মারক নং- ৪৯.০২.০০০০.০০০.১৩.০০৪.২৩- ৯) ২৮

তারিখ : ১৪.০৭.২০২৪ খ্রিস্টাব্দ

বোয়েসেল- এর মাধ্যমে জর্ডানস্থ Haifa Garments কোম্পানিতে নিম্নবর্ণিত পদে দক্ষ পুরুষ কর্মী নিয়োগ করা হবে :

ক্রমিক নং	পদের নাম	লিঙ্গ	পদ সংখ্যা	বেতন (মার্কিন ডলার)	শিক্ষাগত যোগ্যতা/ অভিজ্ঞতা	আবেদনের মাধ্যম
০১	আইরনম্যান	পুরুষ	০৮	১৭৫	সংশ্লিষ্ট কাজে সর্বনিম্ন ০৫ বছরের অভিজ্ঞতা।	অনলাইন।
০২	সুপারভাইজার	পুরুষ	০৩	২২০	সংশ্লিষ্ট কাজে সর্বনিম্ন ০৫ বছরের অভিজ্ঞতা।	অনলাইনে আবেদনের ক্ষেত্রে আবেদনকারীকে অবশ্যই আবেদন ফি বাবদ ১০০ টাকা চার্জ পরিশোধ করতে হবে।
০৩	অপারেটর	পুরুষ	০৩	১৭৫	সংশ্লিষ্ট কাজে সর্বনিম্ন ০৫ বছরের অভিজ্ঞতা	

বি.দ্র.: ক্রমিক নং ২ নং পদের জন্য এসএসসি / সমমান উত্তীর্ণ প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে।

চাকরির শর্তাবলি:

- (১) চাকরির চুক্তি ৩ (তিন) বৎসর (নবায়নযোগ্য)।
- (২) দৈনিক ১০ (দশ) ঘণ্টা ডিউটি, সপ্তাহে ৬ (ছয়) দিন।
- (৩) নিয়োগকর্তা কর্তৃক থাকা, খাওয়া ও প্রাথমিক চিকিৎসা এবং পরিবহনের ব্যবস্থা করা হবে।
- (৪) চাকরিতে যোগদানের বিমান ভাড়া এবং তিন বছর চাকরি শেষে দেশে ফিরে আসার বিমান ভাড়া নিয়োগকর্তা বহন করবে।
- (৫) যাদের বিরুদ্ধে দেশে বা জর্ডানে কোনো ফৌজদারি মামলা আছে, তারা নিয়োগের অনুপযুক্ত হবে।
- (৬) একাধিক পাসপোর্ট থাকলে সঙ্গে আনতে হবে।
- (৭) অন্যান্য শর্ত জর্ডানের শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।

বোয়েসেল- এর সার্ভিস চার্জ ও অন্যান্য খরচ :

সুপারভাইজার পদের জন্য বোয়েসেলের সার্ভিস চার্জ, বর্হি:গমন ফি, ভ্যাট (VAT), বোয়েসেলের রেজিস্ট্রেশন ফি, ওয়েজ আর্নাস কল্যাণ ফি ও জীবনবিমা বাবদ সোনালী ব্যাংক মগবাজার শাখা হতে BOESL, DHAKA বরাবর ৬২,১০০/- (ষাষটি হাজার একশত) এবং আইরনম্যান ও অপারেটর পদের জন্য ৩৮,৫৫০/- (আটত্রিশ হাজার পাঁচশত পঞ্চাশ) টাকার একটি পে অর্ডার করতে হবে। এছাড়াও মেডিকেল ফি ও ফিঙ্গার প্রিন্টের ফি নির্বাচিত কর্মীদের বহন করতে হবে।

সাক্ষাৎকারের সময় যা অবশ্যই সঙ্গে আনতে হবে :

- (১) ৪ (চার) কপি পাসপোর্ট সাইজ রঙিন ছবি (ব্যাক গ্রাউন্ড সাদা)
  - (২) মূল পাসপোর্ট ও মূল পাসপোর্টের ছবিযুক্ত অংশের ০১ (এক) সেট রঙিন ও চার সেট সাদাকালো ফটোকপি
  - (৩) ভোটার আইডি কার্ড / জন্ম নিবন্ধন
  - (৪) শিক্ষাগত / অভিজ্ঞতার সনদ (যদি থাকে)
  - (৫) Bio-data (জীবন বৃত্তান্ত)।
- আগ্রহী প্রার্থীদের নিম্নোলিখিত লিংক এর মাধ্যমে আবেদন করতে হবে। ইন্টারভিউ এর তারিখ ও সময় পরবর্তীতে এসএমএস এর মাধ্যমে জানানো হবে। এ সংক্রান্ত যে কোনো তথ্যের জন্য ০২৪৮৩১৯১২৫ ও ০২৪৮৩১৭৫১৫ এবং প্রবাস বন্ধু কল সেন্টার : ১৬১৩৫ [টোল ফ্রি] নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

অনলাইন আবেদন লিংক: <https://brms.boesl.gov.bd/>

আবেদনের শেষ তারিখ: ১৮ জুলাই, ২০২৪ খ্রি. বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত।

বি.দ্র. আবেদন এর ক্ষেত্রে আগে আসলে আগে পাবেন ভিত্তিতে বিবেচিত হবেন।

অফিস ঠিকানা :

প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা)  
৭১-৭২ ইন্টারন্যাশনাল গার্ডেন  
রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।



যোগাযোগ নম্বর :

ফোন : +৮৮ ০২-৪৮৩১৯১২৫, ০২-৪৮৩১৭৫১৫, ০২-৫৮৩১১৮৩৮  
মোবাইল : ০১৭৬৫৪১১৬৫৩  
ইমেইল : info@boesl.gov.bd  
ওয়েব : www.boesl.gov.bd

নোয়াবুল হোসেন  
সহ-সচিব মহাব্যবস্থাপক  
বোয়েসেল, ঢাকা।